দৈনিক জনকণ্ঠ

তারিখ APR 2 1 1999
পৃষ্ঠা ১২ কলাম ৩

408

# ঢাকা বিশ্ববিদ্যালয় সার্ক অঞ্চলের শীর্ষস্থানে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** 'প্রাচ্যের অক্সফোর্ড' হিসাবে এককালে খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয় চলতি ১৯৯৯ সালে সার্ক অঞ্চলের বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে শীর্ষস্থান অর্জন করেছে। এশিয়া-ওসেনিয়া অঞ্চলের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে এর অবস্থান ৩৭-এ উন্নীত হয়েছে। বিগত '৯৮ সালে এ ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ছিল ৪৪তম।

এশিয়া উইক (২৩ এপ্রিল '৯৯)-এর সর্বশেষ জরিপে ঢাকা বিশ্ববিদ্যালয় সার্ক এবং এশিয়া-ওসেনিয়া অঞ্চলে এ মর্যাদার আসন অর্জন করেছে। এ অঞ্চলের ১০৪টি মাল্টি-ডিসিপ্লিনারি বিশ্ববিদ্যালয়ের ওপর পরিচালিত জরিপে মোট এক শ' পয়েন্টের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়গুলোর অবস্থান নির্ধারণ করা হয়।

পূর্ববর্তী '৯৮ সালের জরিপে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ছিল ভারতের জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয় ও পাকিস্তানের পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের নিচে। কিন্তু এবার বাংলাদেশের এ বিশ্ববিদ্যালয়টির অবস্থান কেবল এ দু'টিরই নয়, জেএনইউ, পাঞ্জাব, দিল্লী, কলম্বো, ন্যাশনাল ইউনিভার্সিটি অব মালয়েশিয়া, সায়েন্স ইউনিভার্সিটি অব মালয়েশিয়া, ইউনিভার্সিটি অব ইন্দোনেশিয়া, মহিদল ইউনিভার্সিটি অব থাইল্যান্ড, দক্ষিণ কোরিয়ার পুশান ন্যাশনাল ইউনিভার্সিটি, অস্ট্রেলিয়ার মোনাশ ইউনিভার্সিটি ও ম্যাকেরি ইউনিভার্সিটি, নিউজিল্যান্ডের ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অব ওয়েলিংটন, হংকংয়ের সিটি ইউনিভার্সিটি, ইন্দোনেশিয়ার গাদজা মাদা ইউনিভার্সিটি, ভিয়েতনাম ন্যাশনাল ইউনিভার্সিটি, ফিলিপিন্সের দ্য লা স্যালে ইউনিভার্সিটি, জাপানের রিতসুম্যাক্যান ইউনিভার্সিটি এবং দক্ষিণ কোরিয়ার চুংগুয়াম ন্যাশনাল ইউনিভার্সিটিসহ অনেক বিশ্ববিদ্যালয়ের ওপরে রয়েছে।